



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

জে,এস,সি পরীক্ষা -২০১৭

পরীক্ষকবৃন্দের অনুসরণীয় নির্দেশাবলী

- ১। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ের গোপনীয়তা রক্ষা করতে হবে।
- ২। যশোর শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উত্তরপত্র পরীক্ষার নিয়মাবলী অবশ্যই যথাযথভাবে মেনে চলতে হবে।
- ৩। কোন অবস্থায় পরীক্ষকগণ নম্বর প্রদানে অতিরিক্ত কার্পণ্য, অনুগ্রহ প্রদর্শন, যোগে একাধিক ভুলত্রুটি, মূল্যায়নে বিশেষ দুর্বলতা, উত্তরপত্র পত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তন হলে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক সে সকল পরীক্ষক ও নিরীক্ষকের দায়িত্ব থেকে অব্যহতি দেয়ার জন্য বোর্ড কর্তৃপক্ষের নিকট সুপারিশ করবেন।
- ৪। প্রশ্নোত্তর এর দাগ নম্বরের বাম পাশে খালি জায়গায় বড় করে ইংরেজি সংখ্যায় ডবল ডিজিট নম্বর প্রদান করবেন। প্রচ্ছদ পৃষ্ঠায় নম্বর তোলার সময় কালো কালির কলম দ্বারা তুলবেন এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য ডানপাশে জায়গা রাখবেন।
- ৫। প্রচ্ছদ পৃষ্ঠায় মোট নম্বর ভগ্নাংশে না তুলে তা পরবর্তী পূর্ণ সংখ্যায় তুলবেন।
- ৬। পরীক্ষকের বিবেচনায় কোন প্রশ্নোত্তরের মান শূন্য (০) পেলে তা প্রচ্ছদ পৃষ্ঠায় নির্দিষ্ট স্থানে ঐ শূন্য (০) তুলবেন।
- ৭। কোন প্রশ্নোত্তর প্রয়োজনের অতিরিক্ত সংখ্যক হলে প্রথমটা মূল্যায়ন করে পরবর্তীটা লাল কালির বল পেন দিয়ে অতিরিক্ত কথাটি লিখে তা আড়াআড়ি ক্রসচিহ্ন (X) দিয়ে কেটে দিবেন।
- ৮। অপ্রয়োজনীয় বা অপ্রাসংগিক উত্তরের বাম পাশে লাল কালির বল পেন দিয়ে অপ্রয়োজনীয় বা অপ্রাসংগিক কথাটি লিখে তা চিহ্নিত করে পরীক্ষক অনুস্বাক্ষর করবেন।
- ৯। কোন নম্বরে ঘষা কিম্বা উপরিলিখন, ফুইড ব্যবহার করবেন না। একান্ত প্রয়োজন হলে তা একটানে কেটে দিয়ে পরিষ্কার করে লিখবেন। সেক্ষেত্রে পরীক্ষক অনুস্বাক্ষর করবেন।
- ১০। উত্তরপত্রের অব্যবহৃত পৃষ্ঠাসমূহ লাল কালির বল পেন দিয়ে তা আড়াআড়ি ক্রসচিহ্ন (X) দিয়ে কেটে দিবেন।
- ১১। নির্দিষ্ট কিস্তির সময়ানুসারে সমুদয় উত্তর পত্র নিজে নিয়ে আসবেন এবং দুই কপি নম্বর ফর্দ ইংরেজিতে লিখে তা প্রধান পরীক্ষকের নিকট জমা দিবেন। উত্তরপত্র মূল্যায়নে ভুল পরিলক্ষিত হলে এবং উত্তর পত্র প্রেরণে বিলম্ব হলে বিধি অনুসারে ব্যবস্থা নেওয়া হবে।
- ১২। প্রতিটি উত্তরপত্রের প্রচ্ছদ পৃষ্ঠায় পরীক্ষক অতি সতর্কতার সাথে তাঁর কর্মসম্পাদন করবেন এবং পরীক্ষক কোড সহ স্বাক্ষর প্রদান করবেন।
- ১৩। যদি কোন পরীক্ষার্থী উত্তরপত্রে পরীক্ষার আইন/বিধি লঙ্ঘন করে পরিচিতিমূলক, অশোভন কিম্বা অপ্রাসংগিক কিছু লিপিবদ্ধ করে সে ক্ষেত্রে পরীক্ষক উক্ত বিষয়ে প্রধান পরীক্ষককে লিখিতভাবে অবহিত করবেন।
- ১৪। উত্তর পত্রের কভার পৃষ্ঠার মাঝের অংশের প্রধান পরীক্ষকের জন্য নির্দিষ্ট ঘর কোন ক্রমেই পূরণ করবেন না।
- ১৫। অতিরিক্ত উত্তর পত্র গ্রহণের ঘর অবশ্যই পূরণ করবেন। অতিরিক্ত উত্তরপত্র না নিলেও তা শূন্য (০) দিয়ে ঘরটি পূরণ করবেন।
- ১৬। উত্তরপত্র বোর্ড হতে গ্রহণের পর গৃহীত উত্তরপত্রের সংখ্যার সাথে গরমিল পরিলক্ষিত হলে জরুরীভাবে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষককে লিখিতভাবে অবহিত করবেন।
- ১৭। উপরোক্ত বিষয়ের অতিরিক্ত কিছু জানতে হলে প্রধান পরীক্ষকের সাথে যোগাযোগ করবেন।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর